আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

ANSAR-VDP UNNAYAN BANK

দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, কর্মসৃজন, অর্থনৈতিক উন্নয়নে অঙ্গীকারাবদ্ধ


প্রধান কার্যালয়

১৪, আউটার সার্কুলার রোড

রাজারবাগ, ঢাকা।

ফোন ঃ 88-02-9344291

ফ্যাক্স ঃ 88-02-48313165

ই-মেইল ঃ info@ansarvdpbank.gov.bd

ওয়েব সাইট ঃ www.ansarvdpbank.gov.bd


# ব্যাংক সেবা সম্পর্কিত নির্দেশিকা

## Citizen's Charter

- আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর সম্মানিত গ্রাহকবৃন্দকে যে সকল সেবা প্রদান করা হয় তা সিটিজেন চার্টারে সংক্ষেপে বর্ণনা করা হয়েছে।

- এছাড়াও আমানত ও ঋণের উপর অনুমোদিত সুদের হার এবং বিভিন্ন প্রকার সেবার বিপরীতে সার্ভিস চার্জ-এর হার চার্টারে উল্লেখ করা হয়েছে।

- গ্রাহকদের মতামত জানানোর সুবিধার্থে পর্যায়ভেদে বিভিন্ন নির্বাহী কর্মকর্তাদের সাথে যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর সিটিজেন চার্টারে উল্লেখ করা হয়েছে।

- সিটিজেন চার্টার এর মুদ্রন কপি আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর সকল শাখা, আঞ্চলিক কার্যালয় ও প্রধান কার্যালয়ে প্রদর্শিত আছে।

- সিটিজেন চার্টার ব্যাংক-গ্রাহক সম্পর্ক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে মর্মে ব্যাংক কর্তৃপক্ষ আশা রাখে।

১৫ জানুয়ারী, ২০১৯

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

## ১। প্রারম্ভ

দেশের সুবৃহৎ সুসংগঠিত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রায় ৬০ লক্ষ সদস্য-সদস্যাদের দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিকভাবে স্বনির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে ১৯৯৫ সালের ২১ নং রাষ্ট্রীয় আইনের অধীনে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠা লাভ করে। সরকার নিয়ন্ত্রিত বিশেষায়িত ব্যাংক হিসেবে অত্র ব্যাংকটি ১৯৯৬ সালের ১০ জানুয়ারী কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠালগ্ন থেকে ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে এ ব্যাংক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের জীবনযাত্রার মানোন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কর্ম-সৃজন, নারীর ক্ষমতায়ন ও আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক কর্মকান্ডে গুরুত্বপূর্ন অবদান রেখে চলেছে।

| শাখা ও কার্যালয়সমূহ | | | লোকবল | |
|---|---|---|---|---|
| মোট শাখা | ঃ | ২৪১ | অনুমোদিত লোকবল ঃ ১৩৬০ | |
| আঞ্চলিক কার্যালয় | ঃ | ১৮ | বিদ্যমান লোকবল ঃ ৬১৩ (স্থায়ী) | |
| | | | ঃ ২৪৫ | |
| | | | মোট লোকবল | ঃ ৮৫৮ |

| সময়সুচী | | | | | |
|---|---|---|---|---|---|
| অফিস সময়সুচী | ঃ | রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০টা-বিকাল ০৬টা | লেনদেনের সময়সূচী | ঃ | রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০টা-বিকাল ০৪টা |

**শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন**

## ১.১ Vision (রূপকল্প)

- প্রায় ৬১ লক্ষ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের দারিদ্র্য বিমোচনের (Poverty alleviation) মাধ্যমে তাদেরকে আত্মনির্ভরশীল করা।
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/সদস্যাদের আয়বর্ধক কর্মকান্ডে ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদের জীবন যাত্রার মান উন্নয়ন।
- ব্যাংকের শাখা সম্প্রসারণের মাধ্যমে অধিক সংখ্যক আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের মধ্যে অন্তর্ভূক্তিমূলক ব্যাংকিং কার্যক্রম চালু করা।
- অভ্যন্তরীন সম্পদ বৃদ্ধির মাধ্যমে দেশের জিডিপি অর্থাৎ ব্যাষ্টিক অর্থনীতিতে (macro economy) অবদান রাখা।
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/সদস্যাদের মধ্যে ব্যাংকিং কার্যক্রাম সম্প্রসারণ এবং ব্যাংকের মুনাফা বৃদ্ধি করা।
- শেয়ার হোল্ডারদেরকে লভ্যাংশ প্রদান করা।
- ব্যাংককে অর্থনৈতিকভাবে সাবলম্বী করে একটি vibrant এবং financially sound ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করা।

## ১.২ Mission (অভিলক্ষ্য)

- ব্যাংকের মূলধন বৃদ্ধির লক্ষ্যে অধিক সংখ্যক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সদস্যাদেরকে ব্যাংকের শেয়ার ক্রয়ে উদ্বুদ্ধকরণ।
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বৃহৎ জনগোষ্ঠীকে ব্যাংকিং নেটওয়ার্কের আওতায় এনে তাদের আমানত আহরণ এবং অর্থায়নসহ ব্যাংকিং সেবা প্রদান।
- দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থানরত সুবৃহৎ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/সদস্যাদের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌঁছানোর লক্ষ্যে প্রতি উপজেলায় শাখা খোলা।
- সহনীয় সুদের হার এবং গ্রাহক সেবার মান উন্নয়নের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও আত্মকর্মসংস্থানে অবদান রাখা।

# ২। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রদত্ত বিভিন্ন সেবা কার্যক্রম

## ২.১ ব্যাংকের শেয়ার সংক্রান্ত

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের অনুমোদিত প্রারম্ভিক মূলধন ১০০(একশত) কোটি টাকা যা ধাপে ধাপে বৃদ্ধি পেয়ে বর্তমানে মূলধন ১০০০ (এক হাজার) কোটি টাকায় উন্নীত হয়েছে, যার ২৫% গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং ৭৫% বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যাদের মধ্যে প্রতিটি ১০০ (একশত) টাকা মূল্যমানের শেয়ার বিক্রয়ের মাধ্যমে সংগ্রহ করার বিধান রয়েছে। বর্তমানে পরিশোধিত মূলধনের পরিমাণ ৪০০ কোটি টাকার মধ্যে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের অংশ ৩০০ কোটি টাকা।

### ➢ শেয়ার আবেদন পত্র প্রাপ্তির স্থান

ব্যাংকের শেয়ার আবেদন নিকটবর্তী আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের শাখাসমূহ, উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয়, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের প্রধান কার্যালয় এবং বাংলাদেশ আনসার ও ভিডিপি সদর দপ্তরে বিনামূল্যে পাওয়া যায়।

### ➢ শেয়ার ক্রয়ের যোগ্যতা ও পরিমাণ

কেবলমাত্র আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সংগঠনে কর্মরত কর্মকর্তা-কর্মচারী এবং অত্র ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ তাঁদের চাহিদা মোতাবেক যে কোন সংখ্যক শেয়ার ক্রয় করতে পারবেন।

### ➢ শেয়ারের লভ্যাংশ (Dividend) প্রদান

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক একটি লাভজনক প্রতিষ্ঠান। প্রতি আর্থিক বছর শেষে অত্র ব্যাংক শেয়ার হোল্ডারদের মধ্যে অনুমোদিত হারে লভ্যাংশ (Dividend) প্রদান করে আসছে। শেয়ার হোল্ডারগণ তাঁর নিকটবর্তী আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের শাখাসমূহ হতে শেয়ারের লভ্যাংশ (Dividend) গ্রহন করতে পারেন।

## ২.২ আমানত প্রোডাক্টস্

বর্তমানে ১২টি আমানত স্কীম উদ্ভাবন করা হয়েছে। আমানত স্কীম সম্পর্কিত তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো

| মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থার নাগরিক সেবার তালিকা | সেবাসমূহ সম্পর্কিত মৌলিক তথ্যাবলী | সেবা সমূহের প্রাপ্তিস্থান | সেবা গ্রহণ/ প্রদানের প্রক্রিয়া ও সময় | সেবাগ্রহণ/প্রদান প্রক্রিয়ায় প্রয়োজনীয় কাগজপত্র/ দলিলাদির বিবরণ | সেবাগ্রহণ/ প্রদান প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস এবং পরিশোধ পদ্ধতি সম্পর্কিত বিবরণ | সেবা গ্রহণ/প্রদান প্রক্রিয়ায় প্রয়োজনীয় সময়সীমা | সেবাসমূহ গ্রহণ/ প্রদানের বিভিন্ন শর্তাবলী | আবেদনের জন্য ফরমস্ ও তা প্রাপ্তির উপায় | ই-সেবা সমূহ ও তার লিংক | সেবা গ্রহণ/ প্রদানের সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **লাখপতি ডিপোজিট (বর্তমানে স্থগিত)** | ১ বছর-১২%<br>২ বছর-১১.৫০%<br>৩ বছর-১১.২০%<br>৪ বছর-১১.১০%<br>৫ বছর-১১.০৫%<br>১০ বছর-৯.৬০% | সংশ্লিষ্ট শাখা সমুহ এবং প্রধান কার্যালয় | ২৩৯ টি শাখার শাখা ব্যবস্থাপক ও অন্যান্য কর্মকর্তার মাধ্যমে সকাল ১০:০০টা-বিকাল ৪:০০টা | ক) আমানতকারীকে বাংলাদেশের নাগরিক এবং বয়স ১৮ বৎসরের অথবা উর্ধ্বে হতে হবে;<br>খ) আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংকের শেয়ার হোল্ডার সদস্য হতে হবে<br>গ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে<br>ঘ) দেউলিয়া, মাদকাসক্ত, উম্মাদ ও জড়বুদ্ধি সম্পন্ন নহেন এমন ব্যক্তি হতে হবে;<br>ঙ) অবশ্যই স্বাক্ষরজ্ঞান সম্পন্ন হতে হবে; | ক) আবেদনকারীর সত্যায়িত ২ (দুই) কপি ছবি।<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের উভয় পার্শ্বের সত্যায়িত ফটোকপি।<br>গ) শেয়ার ক্রয়ের সত্যায়িত ফটোকপি। | ১-২ কর্মদিবস | ক) আমানতকারীকে বাংলাদেশের নাগরিক এবং বয়স ১৮ বৎসরের অথবা উর্ধ্বে হতে হবে;<br>খ) আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংকের শেয়ার হোল্ডার সদস্য হতে হবে;<br>গ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে;<br>ঘ) দেউলিয়া, মাদকাসক্ত, উম্মাদ ও জড়বুদ্ধি সম্পন্ন নহেন এমন ব্যক্তি হতে হবে;<br>ঙ) অবশ্যই স্বাক্ষরজ্ঞান সম্পন্ন হতে হবে; | সংশ্লিষ্ট শাখা সমুহ | www.ansarvdpbank.gov.bd | সকাল ১০:০০ - বিকাল ৪:০০ |
| **সঞ্চয়ী আমানত** | সুদের হার ৩.৫% | | | | | | | | | |
| **নারী আমানত** | সুদের হার ৬% | | | | | | | | | |
| **“প্রবাস” (প্রবাসী বাংলাদেশী সঞ্চয়) আমানত** | সুদের হার ৬% | | | | | | | | | |
| **গ্রুপ সঞ্চয়ী আমানত** | সুদের হার ৪.৫% | | | | | | | | | |
| **ক্ষুদ্র সঞ্চয়ী কর্মসূচী/ বিশেষ সঞ্চয়ী আমানত** | সুদের হার ৪.৫% | | | | | | | | | |
| **চলতি আমানত** | সুদের হার 0% | | | | | | | | | |
| **স্বল্প মেয়াদী আমানত** | সুদের হার ৩% | | | | | | | | | |
| **এসডিপিএস** | ৫ বছর-৬.৫%<br>১০বছর-৭% | | | | | | | | | |
| **হজ্জ সহায়ক ডিপোজিট স্কীম** | ১-১৫বছর ৭% হারে | | | | | | | | | |
| **আমানত দ্বিগুণ বৃদ্ধি প্রকল্প** | ৯বছর ৬মাস ৭.৫৭% চক্রবৃদ্ধি হারে | | | | | | | | | |
| **মেয়াদী আমানত** | ৩ মাস বা তদুর্দ্ধ তবে ৬ মাসের কম ৫.২৫% | | | | | | | | | |
| | ৬ মাস বা তদুর্দ্ধ তবে ১ বছরের কম ৫.৫০% | | | | | | | | | |
| | ১ বছর বা তদুর্দ্ধ ৫.৭৫/% | | | | | | | | | |

## ২.৩ ঋণ প্রোডাক্টস্

বর্তমানে নিম্নোক্ত ৩১ টি ঋণ প্রোডাক্টের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ঋণ প্রোডাক্ট সর্ম্পকিত তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো:

### ২.৩। ব্যাংকের বিদ্যমান ৩১টি ঋণ খাতের নাম, ঋণ সীমা, ঋণের মেয়াদ, সুদের হার ও পরিশোধ পদ্ধতি:

| ক্রঃ নং | ঋণ খাতের নাম | ঋণ সীমা | মেয়াদ | সুদের হার | অন্যান্য সুদ/চার্জ | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|
| ১. | ক্ষুদ্র ঋণ | সর্বোচ্চ ০.৫০ লক্ষ টাকা | সর্বোচ্চ ১ বছর | ফ্ল্যাট রেটে ১৪% | প্রযোজ্য নয় | ৫০টি সাপ্তাহিক কিস্তি |
| ২. | এসএমই ঋণ | সর্বোচ্চ ১০.০০ (দশ) লক্ষ টাকা | ৩০ মাস | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৪% | প্রযোজ্য নয় | মাসিক কিস্তি |
| ৩. | একটি বাড়ী একটি খামার সমন্বিত কৃষি ঋণ | | | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| | ক) আনসার ও ভিডিপি সংগঠন এবং অত্র ব্যাংকের স্থায়ী কর্মকর্তা/ কর্মচারীদের | ৩০ মাসের মূল বেতনের সমান (এক-তৃতীয়াংশ টেক হোম পে রাখা সাপেক্ষে) | ঋণের মেয়াদ হবে ৫ বছর বা ৬০টি মাসিক কিস্তি। তবে, উদ্যোক্তার পি.আর.এল/এল.পি. আরসহ চাকুরীর মেয়াদ ন্যূনতম ৫ (পাঁচ) বছর থাকতে হবে। | | | |
| | খ) অস্থায়ী ব্যাটায়িন আনসারদের | চাকুরীর মেয়াদকাল ১ বছর ও তদুর্ধ কিন্তু ৩ বছরের কম হলে ঋণসীমা সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা এবং চাকুরীর মেয়াদকাল ৩ বছর ও তদুর্ধ হলে ঋণসীমা সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা হবে। | ১ থেকে ৩ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| | গ) ভাষা শহীদ আব্দুল জববার আনসার ভিডিপি স্কুল ও কলেজের শিক্ষক-কর্মচারীদের | আনসারদের সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা এবং ভাষা শহীদ আব্দুল জববার আনসার ভিডিপি স্কুল ও কলেজের শিক্ষক কর্মচারীদের ১২ মাসের মূল বেতন অথবা ১.৫০ লক্ষ এর মধ্যে যেটি কম | ১ থেকে ৩ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| | ঘ) হিল আনসারদের | সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা | ১ থেকে ৩ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| | ঙ) হিল ভিডিপি | সর্বোচ্চ ০.৫০ লক্ষ টাকা | ১ থেকে ৩ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| ৪. | পার্সোনাল লোন | ১৮ মাসের মূল বেতনের সমান | ঋণের মেয়াদ হবে ৫ বছর। তবে, উদ্যোক্তার এল.পি.আরসহ চাকুরীর মেয়াদ ন্যূনতম ৫ বছর থাকতে হবে। | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| ৫. | গ্রামীণ পরিবহন (থ্রি-হুইলার) ঋণ | নির্ধারিত মূল্যের ৭০% | সর্বোচ্চ ৩ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১১%, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ৯% | সুপারভিশন চার্জ ২%, খেলাপী হলে অতিরিক্ত ২% সুদ। তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সুপারভিশন চার্জ প্রযোজ্য নয় | ১৫০টি সাপ্তাহিক কিস্তি |
| ৬. | উত্তরণ ঋণ | সঞ্চয়ের দ্বিগুন, তবে সর্বনিম্ণ ০.৫০ লক্ষ টাকা এবং সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা | ১ বছর | ফ্ল্যাট রেটে ১৩% | প্রযোজ্য নয় | মাসিক কিস্তি |

| ক্রঃ নং | ঋণ খাতের নাম | ঋণ সীমা | মেয়াদ | সুদের হার | অন্যান্য সুদ/চার্জ | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|
| ৭. | অঙ্গীভূত (Embodied) ঋণ | সর্বোচ্চ ০.৭৫ লক্ষ টাকা। তবে এক-তৃতীয়াংশ টেক-হোম পে থাকতে হবে। | ঋণের মেয়াদ হবে অঙ্গীভুত আনসারদের চাকুরীর মেয়াদ পর্যমত্ম। | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| ৮. | সৌর-বিদ্যুৎ স্থাপন ঋণ | সর্বোচ্চ ০.৫০ লক্ষ টাকা | ২ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ৯% | সুপারভিশন চার্জ ২%, খেলাপী হলে পুরো ঋণের উপর অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| ৯. | বায়োগ্যাস প্ল্যান্ট ঋণ | সর্বোচ্চ ০.৫০ লক্ষ টাকা | ২ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ৯% | সুপারভিশন চার্জ ২% খেলাপী হলে পুরো ঋণের উপর অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| ১০. | প্রবাস গমণ ঋণ | দেশভেদে বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত অভিবাসন ব্যয় এর সমপরিমান, তবে ২.০০ লক্ষ টাকার অধিক নহে | সর্বোচ্চ ১ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১১% | সুপারভিশন চার্জ ২%, খেলাপী হলে অতিরিক্ত ২% | মাসিক কিস্তি |
| ১১. | কম্পিউটার ঋণ | সর্বোচ্চ ০.৭৫ লক্ষ টাকা | ১৮ মাস | ফ্ল্যাট রেটে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত সুদ ২% | মাসিক কিস্তি |
| ১২. | নারী কর্মসৃজন ঋণ | সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা (নিজস্ব ও বাংলাদেশ ব্যাংকের তহবিলের আওতায় উভয় ক্ষেত্রেই) | ১৮ মাস | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১০%, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ৯% | খেলাপী হলে পুরো ঋণের উপর ২% অতিরিক্ত সুদ | মাসিক কিস্তি |
| ১৩. | গবাদী পশু ও গাভী পালন ঋণ | নিজস্ব তহবিলে সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা এবং বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা | ১ থেকে ৩ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১১%, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ৯% | সুপারভিশন চার্জ ২%, খেলাপী হলে অতিরিক্ত ২% সুদ। বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সুপারভিশন চার্জ প্রযোজ্য নয় | মাসিক কিস্তি |
| ১৪. | কৃষি ভিত্তিক প্রকল্পে চলতি মূলধন ঋণ | সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা | ১৮ মাস | ফ্ল্যাট রেটে ৯% | প্রযোজ্য নয় | মাসিক কিস্তি |
| ১৫. | আনসার সদস্য মটর সাইকেল ক্রয় ঋণ | সর্বোচ্চ ১.৭৫ লক্ষ টাকা | ৪ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে পুরো ঋণের উপর অতিরিক্ত ২% সুদ | মাসিক কিস্তি |
| ১৬. | কৃষি যন্ত্রপাতি ক্রয় ঋণ | সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা | ২ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১১%, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ৯% | সুপারভিশন চার্জ ২%, খেলাপী হলে পুরো ঋণের উপর ২% সুদ। তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সুপারভিশন চার্জ প্রযোজ্য নয় | ১ মাস গ্রেস পিরিয়ড, ২৩ টি মাসিক কিস্তি |
| ১৭. | মৎস্য চাষ (চিংড়ি ও অন্যান্য মাছ চাষ) ঋণ | সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা | ২ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১১%, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ৯% | সুপারভিশন চার্জ ২%, খেলাপী হলে ২% অতিরিক্ত সুদ। তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সুপারভিশন চার্জ প্রযোজ্য নয় | ৯ মাস গ্রেস পিরিয়ড, ৩টি মাসিক কিস্তি |
| ১৮. | আনসার অফিসার হোম লোন | মূল বেতন ২২২৫০-৩১২৫০ টাকা ও তদূর্ধ্ব সর্বোচ্চ ২৫.০০ লক্ষ টাকা এবং তদনিম্নে ১ম শ্রেণী-সর্বোচ্চ ২০.০০ লক্ষ টাকা | সর্বোচ্চ ১০ বছর মেয়াদী | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে অতিরিক্ত ২% সুদ | মাসিক কিস্তি |

| ক্রঃ নং | ঋণ খাতের নাম | ঋণ সীমা | মেয়াদ | সুদের হার | অন্যান্য সুদ/চার্জ | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|
| ১৯. | আনসার/ভিডিপি সদস্য হোম লোন | বিভাগীয় সদর-২৫.০০ লক্ষ, জেলা সদর পৌরসভা-২০.০০ লক্ষ, অন্যান্য সকল পৌরসভা-১৫.০০ লক্ষ এবং পৌরসভার বাহিরে উপজেলা সদর এবং উপজেলার বাহিরে নাগরিক সুবিধা সম্পন্ন এলাকায় ১০.০০ লক্ষ | ১০ বছর মেয়াদী | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | প্রযোজ্য নয় | নির্মাণের ক্ষেত্রে ৬ মাস এবং ফ্ল্যাট/তৈরী বাড়ী ক্রয়ের ক্ষেত্রে ১ মাস গ্রেস পিরিয়ড, মাসিক কিস্তি |
| ২০. | গরু মোটাতাজাকরন ঋণ | সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা | মেয়াদ ২ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১১%, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ৯% | সুপারভিশন চার্জ ২%, খেলাপী হলে পুরো ঋণের উপর ২% অতিরিক্ত সুদ। তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সুপারভিশন চার্জ প্রযোজ্য নয় | ১ বছর অন্তর সুদসহ পরিশোধযোগ্য |
| ২১. | পোল্ট্রি (ব্রয়লার/লেয়ার) ঋণ | সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা | ব্রয়লার ঋণের মেয়াদ ২ বছর এবং লেয়ার ঋণের মেয়াদ ৩ বছর | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১১%, তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ৯% | সুপারভিশন চার্জ ২%, খেলাপী হলে পুরো ঋণের উপর ২% অতিরিক্ত সুদ। তবে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে সুপারভিশন চার্জ প্রযোজ্য নয় | প্রতি ৪৫ দিন পর পর ১৬টি সম-কিস্তি, লেয়ার ঋণে ৬ মাস গ্রেস পিরিয়ডসহ মোট ১৮-৩৬ মাসে পরিশোধযোগ্য |
| ২২. | নগদ ঋণ (ক্যাশ ক্রেডিট) ঋণ | ০.৫০ লক্ষ থেকে ১০.০০ লক্ষ টাকা | ১ বছর মেয়াদী | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে ২% অতিরিক্ত সুদ | ৪৫ দিনের সমন্বয় চক্রসহ ১ বছর অন্তর সুদসহ পরিশোধযোগ্য |
| ২৩. | হালকা যানবাহন ক্রয় (ফোর-হুইলার) ঋণ | সর্বোচ্চ ১০.০০ (দশ) লক্ষ টাকা | ৪ বছর মেয়াদী | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ১৩% | খেলাপী হলে পুরো ঋণের উপর ২% সুদ | মাসিক কিস্তি |
| ২৪. | আনসার-ভিডিপি প্রণোদনা কৃষি ভিত্তিক প্রকল্প ঋণ | সর্বোচ্চ ১০.০০ (দশ) লক্ষ টাকা | ১৮ মাস মেয়াদী | ফ্ল্যাট রেটে ৯.৫০% | সুপারভিশন চার্জ ৩%, খেলাপী হলে ২% অতিরিক্ত সুদ | পাক্ষিক কিস্তি |
| ২৫. | দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুনঃ অর্থায়ন স্কীম ঋণ | সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা | ৩৬-৫৪ মাস মেয়াদী | দৈনিক প্রোডাক্ট ভিত্তিতে ৫%, তবে ঋণ খেলাপ হলে ১৩% হারে সুদ প্রযোজ্য হবে | খেলাপীর জন্য পুরো ঋণের উপর অতিরিক্ত ২% সুদ | অনধিক ১৪ মাস গ্রেস পিরিয়ড, মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য |
| ২৬. | "Ansar VDP Alo-by Solaric (AVAS) প্রকল্প এর মাধ্যমে M-IPS স্থাপন" ঋণ | ঋণের সিলিং ০.১৫, ০.২২, ০.৩১ লক্ষ টাকা। | ৬/১২/১৮/২৪/৩৬ মাস মেয়াদী | ক্রমহ্রাসমান পদ্ধতিতে ৯% | খেলাপী হলে ঋণের অনাদায়ী স্থিতির উপর অতিরিক্ত ২% সুদ চার্জ করতে হবে | মাসিক কিস্তি |
| ২৭. | "কৃষি ও পল্লী ঋণ কর্মসূচী" এর আওতায় ২০০.০০ (দুইশত) কোটি টাকা ঋণ প্রদানের নীতিমালা। | ঋণের সিলিং একক ১৫ লক্ষ , গ্রুফ ৪০ লক্ষ টাকা | স্বল্প মেয়াদী ১ বছর এবং মধ্যম মেয়াদী ৩ বছর | ক্রমহ্রাসমান পদ্ধতিতে ৯% | খেলাপী হলে ১৩% সুদ ও খেলাপীর জন্য অতিরিক্ত ২% সুদ চার্জ করতে হবে | মাসিক কিস্তি |
| ২৮. | এসডিপিএস হিসাবের স্থিতির বিপরীতে ঋণ | আমানত স্থিতির ৮০% | ১ বছর মেয়াদী | আমানতের সুদের হারের চেয়ে ৪% বেশী | প্রযোজ্য নয় | ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপযোগ্য হবে |
| ২৯. | স্থায়ী আমানতের বিপরীতে ঋণ | আমানত স্থিতির ৮০% | ১ বছর মেয়াদী | আমানতের সুদের হারের চেয়ে ৪% বেশী | প্রযোজ্য নয় | ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপযোগ্য হবে |

| ক্রঃ নং | ঋণ খাতের নাম | ঋণ সীমা | মেয়াদ | সুদের হার | অন্যান্য সুদ/চার্জ | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|
| ৩০. | আমানত দ্বিগুন বৃদ্ধি প্রকল্পের বিপরীতে ঋণ | আমানত স্থিতির ৮০% | ১ বছর মেয়াদী | আমানতের সুদের হারের চেয়ে ৪% বেশী তাবে ১৫% এর অধিক নয় | প্রযোজ্য নয় | ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপযোগ্য হবে |
| ৩১. | লাখপতি ডিপোজিট স্কীমের বিপরীতে ঋণ | আমানত স্থিতির ৮০% | ১ বছর মেয়াদী | আমানতের সুদের হারের চেয়ে ৪% বেশী তাবে ১৫% এর অধিক নয় | প্রযোজ্য নয় | ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ আরোপযোগ্য হবে |

## ২.৩.১ ঋণ প্রাপ্তির যোগ্যতা

| i) | **সাধারণ যোগ্যতা :** সকল ঋণের জন্য প্রযোজ্য সাধারণ যোগ্যতাসমূহঃ |
|---|---|
| ক) | উদ্যোক্তাকে বাংলাদেশের নাগরিক হতে হবে; |
| খ) | আনসার ও ভিডিপির সদস্য হতে হবে; |
| গ) | আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের শেয়ার হোল্ডার হতে হবে; |
| ঘ) | শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোন উদ্যোক্তার ঋণ পরিশোধের সক্ষমতা থাকলে তিনি সংশ্লিষ্ট শাখার কমান্ড এরিয়ার স্থায়ী বাসিন্ধা না হলেও ঋণ পরিশোধে সক্ষম এবং সংশ্লিষ্ট কমান্ড এরিয়ায় স্থায়ীভাবে বসবাসকারী এমন যে কোন ব্যক্তির (তৃতীয় পক্ষের) গ্যারান্টি/মর্টগেজ গ্রহনপূর্বক উক্ত উদ্যোক্তাকে ঋণ প্রদান করা যাবে। তবে, ব্যাটালিয়ন আনসার ও অঙ্গীভূত আনসার এবং আনসার ও ভিডিপি সংগঠন ও এ ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা না হলেও ঋণ প্রদান করা যাবে এবং উত্তরণ ঋণে স্থায়ী বাসিন্দা না হলে অধিক্ষেত্রের একজন বাসিন্দাকে ঋণের গ্যারান্টার করতে হবে; |
| ঙ) | উদ্যোক্তার ১৮ বছরের উর্ধ্বে বয়স হতে হবে এবং দেউলিয়া, মাদকাসক্ত, আদালত কর্তৃক অভিযুক্ত, উন্মাদ ও জড়বুদ্ধি সম্পন্ন নহেন এমন ব্যক্তি হতে হবে; |
| চ) | অবশ্যই স্বাক্ষরজ্ঞান সম্পন্ন হতে হবে; |
| ছ) | কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা এনজিও তে ঋণ খেলাপী হলে অত্র ব্যাংক থেকে ঋণ পাওয়ার যোগ্য হবেন না; |
| জ) | উদ্যোক্তার ইকুইটি বহনের ক্ষমতা থাকতে হবে। |

| ii) | **বিশেষ যোগ্যতা :** সাধারণ যোগ্যতার বাইরে ঋণের খাত ভিত্তিক অতিরিক্ত যোগ্যতাসমূহ : |
|---|---|
| ক) | কম্পিউটার ঋণের ক্ষেত্রে ন্যূনতম পিএসসি/পঞ্চম শ্রেণী পাশ হতে হবে; |
| খ) | নগদ ঋণ (ক্যাশ ক্রেডিট) ঋণের ক্ষেত্রে ঋণগ্রহীতার চলতি হিসাবে লেনদেন থাকতে হবে এবং আবশ্যিকভাবে কমপক্ষে একটি এসডিপিএস থাকতে হবে ও ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং যে কোন তফশীলী ব্যাংকের সঞ্চয়ী/চলতি হিসাব থাকতে হবে; |
| গ) | আনসার অফিসার হোম লোনের ক্ষেত্রে আবেদনকারীকে আনসার ও ভিডিপি সংগঠনের প্রথম ও তদূর্ধ্ব শ্রেণীর স্থায়ী কর্মকর্তা হতে হবে এবং সংগঠনে তার চাকুরীকাল কমপক্ষে ৫ (পাঁচ) বছর হতে হবে। আনসার অফিসার হিসেবে কর্মরত কর্মকর্তা তাঁর নিজ মালিকানাধীন জমিতে বাড়ী নির্মাণ/তৈরী বাড়ী ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করতে পারবেন। এছাড়াও সংশ্লিষ্ট কর্মকর্তার স্বামী/স্ত্রীর নামীয় জমিতে বাড়ী নির্মাণ/তৈরী বাড়ী ক্রয়/ফ্ল্যাট ক্রয়ের জন্য ঋণ প্রদান করা যাবে। এ ক্ষেত্রে স্বামী মূল আবেদনকারী হলে তাঁর স্ত্রী হবেন সহ-আবেদনকারী এবং স্ত্রী মূল আবেদনকারী হলে তাঁর স্বামী হবেন সহ-আবেদনকারী; |
| ঘ) | আনসার/ভিডিপি সদস্য হোম লোনের ক্ষেত্রে বাড়ী নির্মাণের জন্য প্রস্তাবিত জমি বিভাগ/জেলা সদরের আওতাধীন সিটি কর্পোরেশন/বিভাগীয় সদর/জেলা সদর পৌরসভা/উপজেলা সদর/সকল পৌরসভার মধ্যে থাকতে হবে, তবে নাগরিক সুবিধা সম্পন্ন সিটি কর্পোরেশন/পৌরসভার বাহিরের এলাকায়ও এ ঋণ প্রদান করা যাবে। নাগরিক সুবিধা সম্পন্ন এলাকা বলতে পাকা রাস্তার পার্শ্বে বিদ্যুৎ সুবিধা আছে এবং বাড়ী ভাড়া দেয়ার সুযোগ আছে এমন এলাকাকে বুঝাবে; |
| ঙ) | এসএমই ঋণ/নারী কর্মসৃজন ঋণ/আনসার-ভিডিপি প্রণোদনা কৃষিভিত্তিক প্রকল্প ঋণ/উত্তরণ ঋণ/মৎস্য চাষ/গবাদী পশু ও গাভী পালন/কৃষি যন্ত্রপাতি ক্রয় ঋণ/হালকা যানবাহন ক্রয় ঋণ/পোল্ট্রি (ব্রয়লার ও লেয়ার) ঋণ/কৃষি যন্ত্রপাতি ক্রয় ঋণ/গরু মোটাতাজাকরণ ঋণ/ দুগ্ধ উৎপাদান ও কৃত্রিম প্রজনন খাতে পুনঃঅর্থায়ন স্কীম ঋণের ক্ষেত্রে উদ্যোক্তা কর্তৃক অত্র ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় একটি সঞ্চয়ী/চলতি হিসাব খুলে পরিচালনা করতে হবে এবং যে কোন তফশীলি ব্যাংকে একটি সঞ্চয়ী/চলতি হিসাব থাকতে হবে; |

| | |
|---|---|
| চ) | এসএমই/একটি বাড়ী একটি খামার/প্রবাস গমণ ঋণ/নারী কর্মসৃজন ঋণ/মৎস্য চাষ ঋণ/গবাদী পশু ও গাভী পালন ঋণে প্রতিটি কিস্তির সাথে মাসিক ১০০/-টাকা বাধ্যতামূলক ভাবে ক্ষুদ্র সঞ্চয় কর্মসূচী হিসাবে জমা করতে হবে (গ্রামীন পরিবহন ঋণ/হালকা যানবাহন ঋণ/আনসার-ভিডিপি প্রণোদনা কৃষিভিত্তিক প্রকল্প ঋণে যা হবে ২০০/-টাকার) এবং প্রত্যেক ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট শাখায় একটি এসডিপিএস হিসাব খুলতে হবে এবং যথানিয়মে মাসিক কিস্তি সুদসহ জমা করতে হবে; |
| ছ) | অস্থায়ী ব্যাটালিয়ন আনসারদের একটি বাড়ী একটি খামার সমন্বিত কৃষি ঋণ প্রদানের ক্ষেত্রে চাকুরীকাল ন্যূনতম ০১ (এক) বছর হতে হবে। পাশাপাশি ভাষা শহীদ আব্দুল জববার স্কুল এন্ড কলেজের এমপিওভুক্ত ও নন-এমপিওভুক্ত উভয় শ্রেণীর শিক্ষক-কর্মচারী যাদের চাকুরীকাল ৫ (পাঁচ) বছর বা তদূর্ধ্ব ও ঋণগ্রহীতাকে প্রভিডেন্ট ফান্ড স্কীমের আওতাভুক্ত হতে হবে; |
| জ) | এসএমই/কৃষিভিত্তিক শিল্পে চলতি মূলধন/আনসার প্রণোদনা কৃষি ভিত্তিক প্রকল্প/গরু মোটাতাজাকরন ঋণ/নারী কর্মসৃজন ঋণ/মৎস্য চাষ ঋণ/গবাদী পশু ও গাভী পালন/শিল্প/প্রকল্প পরিচালনায় জ্ঞান ও দক্ষতা থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পেশাদারী/অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে এবং ঋণ ব্যবহারের যোগ্যতা সহ ঋণ পরিশোধের ক্ষমতা ও আর্থিক আচরণে সুনামের অধিকারী হতে হবে এবং প্রেফাইল আকারে প্রকল্পের আয়-ব্যয় এবং সম্পদ-দায়ের বিবরণী দিতে হবে; |
| ঝ) | সাধারণভাবে কোন উদ্যোক্তা একটি ঋণ বিদ্যমান রেখে আরো একটি ঋণ গ্রহন করতে পারবেন না, তবে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে স্থায়ীভাবে চাকুরীরত কর্মকর্তা/কর্মচারী এবং এ ব্যাংকের চাকুরীরত কর্মকর্তা/কর্মচারীগণ একটি বাড়ী একটি খামার/পারসোনাল লোন এর পাশাপাশি বায়োগ্যাস/সৌরবিদ্যুৎ ঋণ পাবেন। তাছাড়া, অস্থায়ী ব্যাটালিয়ন আনসার, ভাষা শহীদ আব্দুল জববার স্কুল এন্ড কলেজের শিক্ষক ও কর্মকর্তা/কর্মচারীগণ একটি বাড়ী একটি খামার ঋণ প্রাপ্য হবেন; |
| ঞ) | দুগ্ধ উৎপাদান ও কৃত্রিম প্রজনন ঋণে গাভী ও বাছুর ক্রয় ও লালন-পালন, দুগ্ধ উৎপাদন এবং কৃত্রিম প্রজননের সাথে জড়িত প্রকৃত খামারীরা (একক ও যৌথ) উক্ত খাতে ঋণ গ্রহনের জন্য বিবেচিত হবেন। |

## ২.৩.২ প্রয়োজনীয় ডকুমেন্ট/দলিলাদি (চেক লিষ্ট)

| i) | **ক্ষুদ্র ঋণ ব্যতীত অন্যান্য সকল ঋণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট/দলিলাদি :** |
|---|---|
| ক) | আবেদনকারীর ২ (দুই) কপি সত্যায়িত ছবি; |
| খ) | গ্যারান্টারের ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; |
| গ) | আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের উভয় পার্শ্বের সত্যায়িত ফটোকপি; |
| ঘ) | শেয়ার ক্রয়ের সত্যায়িত ফটোকপি; |
| ঙ) | চাকুরীরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের ঋণ গ্রহণের অনাপত্তি পত্র; |
| চ) | সহজামানতি সম্পত্তির মালিকানা সংক্রান্ত সকল কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) : i) মূল দলিলের কপি/ভায়া দলিলের কপি/আরএস থেকে সকল পর্চার সার্টিফাইড কপি/খারিজা পর্চা/ডিসিআর/হালসনের খাজনা পরিশোধের দাখিলার সত্যায়িত কপি; ii) প্রকল্প স্থান নিজস্ব হলে প্রকল্প স্থানের জমির মালিকানা সত্ত্বের দলিলাদি এবং ভাড়া হলে ভাড়ার চুক্তি পত্র; |
| ছ) | ইকুইটির যোগান সম্পর্কে ঘোষনাপত্র থাকতে হবে; |
| জ) | নিজস্ব বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অর্থের উৎস সম্পর্কে বাস্তবসম্মত ঘোষনাপত্র। |

| ii) | **বিশেষ বিশেষ ঋণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট/দলিলাদি :** |
|---|---|
| ক) | একটি বাড়ী একটি খামার সমন্বিত কৃষি ঋণ/পারসোনাল লোন/আনসার সদস্যদের মটর সাইকেল ক্রয় ঋণের ক্ষেত্রে বেতন থেকে কিস্তি কর্তনের ক্ষমতা অর্পণপত্র এবং বেতন বিবরণী জমা দিতে হবে; |
| খ) | গ্রামীণ পরিবহণ/ হালকা যানবাহন ক্রয়/আনসার সদস্যদের মটর সাইকেল ক্রয় ঋণের ক্ষেত্রে দরপত্রের কপি জমা দিতে হবে এবং হালকা যানবাহন ঋণের ক্ষেত্রে গাড়ী ক্রয়ের কোটেশন জমা দিতে হবে; |
| গ) | অঙ্গীভূত আনসার ঋণের ক্ষেত্রে স্মার্ট কাড (Smart Card) এর সত্যায়িত ফটোকপি নিতে হবে। ঋণ প্রক্রিয়া শুরু করার পূর্বে শাখা কর্তৃক ৬৯৬৯ নম্বরে ম্যাসেজ করে স্মার্ট কার্ডের সত্যতা যাচাই করতে হবে এবং পাশাপাশি অঙ্গীভূত আনসার হিসাবে চাকুরী প্রাপ্তি সংক্রান্ত আনসার ও ভিডিপি সদর দপ্তর কর্তৃক মোবাইলে প্রেরিত মেসেজ শাখা ব্যবস্থাপককে স্বচক্ষে দেখে নিশ্চিত হতে হবে এবং উহার সত্যায়িত প্রিন্টকপি ঋণ নথিতে সংযুক্ত করতে হবে। স্মার্ট কার্ড (Smart Card ) এর পিন (PIN ) নম্বরের সঠিকতা যাচাই করে নিশ্চিত হতে হবে; |
| ঘ) | এসএমই ঋণ/নগদ ঋণ (ক্যাশ ক্রেডিট)/নারী কর্মসৃজন ঋণ/পোল্ট্রি (ব্রয়লার ও লেয়ার) ঋণ/আনসার-ভিডিপি প্রণোদনা কৃষিভিত্তিক প্রকল্প ঋণ/উত্তরণ ঋণের ক্ষেত্রে উদ্যোক্তা/ব্যবসা প্রতিষ্ঠানের নামে ট্রেড লাইসেন্স থাকতে হবে; |
| ঙ) | এসএমই ও কৃষি ভিত্তিক শিল্পে চলতি মূলধন ঋণে এসডিপিএস হিসাব খোলার সম্মতি পত্র ও প্রকল্প/ব্যবসার ভূমির মৌজা ম্যাপ/হাতে আঁকা রুট ম্যাপ এবং এসএমই/আনসার-ভিডিপি প্রণোদনা কৃষি ভিত্তিক প্রকল্প/মৎস্য চাষ ঋণ/গবাদী পশু ও গাভী পালন ঋণ/উত্তরণ ঋণ/নারী কর্মসৃজন ঋণ/গরু মোটাতাজাকরন ঋণ/নগদ ঋণ/কৃষি ভিত্তিক শিল্পে চলতি মূলধন ঋণ আয়কর |

| | |
|---|---|
| | পরিশোধের দালিলিক প্রমানের সত্যায়িত ফটোকপি, প্রশিক্ষণ/অভিজ্ঞতার সত্যায়িত সনদ (যদি থাকে), হালসনের কর প্রদান রশিদের সত্যায়িত ফটোকপি, ভ্যাট পরিশোধের দালিলিক প্রমানের সত্যায়িত ফটোকপি, স্থায়ী আমানত হিসাবের মূল রশিদ/এসডিপিএস/সঞ্চয়ী আমানত স্কীমের টাকা নগদায়নের ক্ষমতা সম্বলিত সমর্থন পত্র; |
| চ) | গ্রামীন পরিবহন ঋণে ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে রুট পারমিট নিতে হবে এবং তার সত্যায়িত কপি ব্যাংকে জমা দিতে হবে, গাড়ী ব্যাংকের নামে রেজিষ্ট্রী হওয়ার পর তার মূল কপি, অটো রিক্সার সকল কাগজপত্র, হলফনামা গ্রহন করতে হবে। আনসার সদস্যদের মটর সাইকেল ক্রয় ঋণে ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে; |
| ছ) | গৃহ নির্মাণ ঋণের জন্য যে কোন পরিমাণ ঋণ নিতে প্রস্তাবিত/নির্মানাধীন বাড়ী বন্ধক দিতে হবে; |
| জ) | তৃতীয় পক্ষের গ্যারান্টরের ক্ষেত্রে জামানতি সম্পত্তির সকল কাগজপত্র জমা দিতে হবে। |

## ২.৩.৩ চার্জ ডকুমেন্ট

| i) | **ক্ষুদ্র ঋণ ব্যতীত অন্যান্য সকল ঋণের জন্য কমন চার্জ ডকুমেন্ট :** |
|---|---|
| ক) | ডিপি নোট; |
| খ) | লেটার অব গ্যারান্টি; |
| গ) | লেটার অব হাইপোথিকেশন; |
| ঘ) | তৃতীয় পক্ষের গ্যারান্টি (ঋণের নিরাপত্তা হিসাবে উদ্যোক্তার পরিবর্তে অন্য কোন ব্যক্তির জমির দলিলপত্র জমা রাখা/বন্ধক দেয়ার ক্ষেত্রে); |
| ঙ) | লেটার অব রিভাইভাল; |
| চ) | আবেদনকারীর ক্ষমতা অর্পণ পত্র বা লেটার অব লিয়েন (কম্পিউটার ঋণ ব্যতীত); |
| ছ) | স্বামী/স্ত্রী (Spouse) এর জিম্মাদার পত্র; |
| জ) | লেটার অব কন্টিনিউটি; |
| ঝ) | যথাযথভাবে স্বাক্ষরিত ও পূরণকৃত মেমোরেন্ডাম অব ডিপোজিট অব চেকসহ উদ্যোক্তা কর্তৃক স্বাক্ষরিত যে কোন তফশীলী ব্যাংকের সঞ্চয়ী/চলতি হিসাবের ০২ (দুই)টি চেক (তবে, বেতনের বিপরীতে প্রদেয় ঋণগুলো এবং দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুনঃঅর্থায়ন স্কীম ঋণের ক্ষেত্রে চেক নেয়ার প্রয়োজন নেই)। |

| ii) | **বিশেষ বিশেষ ঋণের জন্য চার্জ ডকুমেন্ট :** |
|---|---|
| ক) | এসএমই/কৃষিভিত্তিক চলতি মূলধন ঋণ লেটার অব ডিসক্লেইমার (ভাড়াকৃত দোকান/প্রকল্প/ব্যবসার ক্ষেত্রে); |
| খ) | পারসোনাল ঋণে আবেদনকারী যে অফিসে কর্মরত সেই অফিসের সমমর্যাদা সম্পন্ন বা একধাপ উপরের কর্মকর্তা/কর্মচারী গ্যারান্টি প্রদান করবেন। উক্ত গ্যারান্টি অবশ্যই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং চাকুরীদাতা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এমপ্লয়ার্স সার্টিফিকেট, নো-অবজেকশন সার্টিফিকেট ও বর্তমান স্যালারী সার্টিফিকেট গ্রহন করতে হবে; |
| গ) | পারসোনাল ঋণে ডিপি নোট ডেলিভারী লেটার গ্রহন করতে হবে; |
| ঘ) | প্রবাস গমণ ঋণের ক্ষেত্রে জামিনদারদের যে কোন এক জনের ব্যাংক সাটিফিকেট ও স্বাক্ষরকৃত ৩টি চেক (ঢাকার ক্ষেত্রে MICR চেক) এবং ঋণগ্রহীতাকে ঋণের টাকা একাউন্টপেয়ী চেকের মাধ্যমে প্রদান করতে হবে। যদি কোন মাসে কিস্তি প্রদানের নির্ধারিত তারিখ সরকারী/সাপ্তাহিক ছুটির দিন হয় তবে সেক্ষেত্রে পূর্ববর্তী কর্মদিবসে কিস্তি আদায়যোগ্য হবে; |
| ঙ) | ক্ষুদ্র ঋণে ডিপি নোট ও দায়বদ্ধ রাখার একরারনামা গ্রহন করতে হবে। |

## ২.৩.৪ জামানত

| | |
|---|---|
| i) | **জামানতের সাধাণ বিষয়াবলী :** |
| ক) | **প্রাথমিক জামানত :** প্রকল্প/ব্যবসার যাবতীয় মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশন থাকবে। |
| খ) | **সহজামানত :**<br>i) ১.০০ (এক) লক্ষ টাকা পর্যন্ত ঋণের বিপরীতে সহজামানতের প্রয়োজন নেই। তবে এ ক্ষেত্রে ঋণের বিপরীতে ঋণ পরিশোধে সক্ষম এমন একজন ব্যক্তির ঋণের বিপরীতে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ব্যক্তিগত গ্যারান্টি নিতে হবে;<br>ii) ১.০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে আবেদনকারী/গ্যারান্টি প্রদানকারীর (তৃতীয় পক্ষের) সম্পত্তির মূল দলিল/সকল পর্চার সার্টির্টফাইড কপি Memorandum of Deposit of Title Deed সম্পাদনপূর্বক ব্যাংকে জমা রাখতে হবে এবং গ্যারান্টরের ব্যক্তিগত গ্যারান্টি গ্রহন করতে হবে।<br>iii) ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের ঋণের ক্ষেত্রে ঋণ গ্রহীতা কর্তৃক জামানতি সম্পত্তি ব্যাংকের অনুকুলে রেজিষ্টার্ড বন্ধক দিতে হবে। জামানতি সম্পত্তির মূল দলিল/সকল পর্চার সার্টির্টফাইড কপি ব্যাংকে জমা রাখতে হবে;<br>iv) আদালতের হস্তক্ষেপ/অনুমতি ব্যতীত বন্ধককৃত জমি বিক্রি করার ক্ষমতা ব্যাংকের অনুকূলে ক্ষমতা অর্পণ সংক্রান্ত একটি বিশেষ ধারা নিবন্ধিত দলিলে সংযোজন করতে হবে;<br>v) ২.০০ লক্ষ টাকার উর্ধ্বের ঋণের ক্ষেত্রে জামানতি সম্পত্তির মালিকানা স্বত্ব সম্পর্কে আইন উপদেষ্টার মতামত নিতে হবে এবং ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের ঋণের ক্ষেত্রে আইনগত মতামত গ্রহনের পাশাপাশি বন্ধকী দলিল আইন উপদেষ্টা কর্তৃক প্রস্তুত ও স্বাক্ষরিত হতে হবে; |

| | |
|---|---|
| ii) | **জামানতের অন্যান্য বিষয়াবলী :** |
| | i) কোন উদ্যোক্তার নিজের নামে সম্পত্তি না থাকলে অন্য কোন ব্যক্তির নামে সম্পত্তি থাকলে, সেই সম্পত্তি জামানত রেখে ঋণ প্রদান করা যাবে। এখানে তৃতীয় পক্ষ বলতে উদ্যোক্তার স্বামী/স্ত্রী (Spouse)/পিতা/মাতা/সন্তান/ভাই/বোন এবং সংশ্লিষ্ট এলাকায় স্থায়ীভাবে বসবাসরত ও ঋণ পরিশোধে সক্ষম এমন যে কোন ব্যক্তিকে বুঝাবে;<br>ii) ঋণ প্রদানকারী শাখার কমান্ড এরিয়ার মধ্যে উদ্যোক্তার নিজের নামে সম্পত্তি না থেকে অন্য কোন এলাকায় থাকলে, সেই সম্পত্তি জামানত রেখে উক্ত উদ্যোক্তাকে ঋণ প্রদান করা যাবে;<br>iii) যে সকল ঋণের বিপরীতে জামানত গ্রহন করা হয়, সে সকল ঋণের ক্ষেত্রে পল্লী এলাকায় জামানত হিসেবে বাস্তু ভূমি (বসতবাড়ি) গ্রহন করা যাবে না। বাস্তু ভূমি (বসতবাড়ি) এর অর্থ বাসগৃহ ও ইহার অধিনস্থ ভূমিসহ এবং তদসংলগ্ন দখলভুক্ত কোন প্রাঙ্গন, পুকুর, প্রার্থনার স্থান, প্রাইভেট কবরস্থান কিংবা শশ্মান ভূমিসহ এবং বসতবাড়ি কিংবা কৃষি অথবা হর্টিকালচারের সাথে সংশ্লিষ্ট সুবিধা ভোগের উদ্দেশ্যে ব্যবহৃত বাহির বাড়ি বা গৃহ এবং সুনির্দিষ্ট চৌহদ্দিভুক্ত জমি পতিত থাকুক বা না থাকুক ইহার আবাসভূমি (Homestead) অন্তরভুক্ত বলে গণ্য হবে।<br>iv) কোন ঋণগ্রহীতা মূল দলিল ছাড়া ঋণগ্রহন করে থাকলে এবং তাঁর লেনদেন সন্তোষজনক হলে পরবর্তীতে পূর্বের দফার সমপরিমান ঋণ গ্রহনে উক্ত ঋণগ্রহীতাকে মূল দলিল জমা দিতে হবে না এবং এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের পরিবর্তে আঞ্চলিক ব্যবস্থাপক ঋণ মঞ্জুরী প্রদান করবেন। তবে, পরবর্তী দফায় পূর্বের চেয়ে বেশী ঋণ গ্রহন করলে ঋণ গ্রহীতাকে মূল দলিল জমা দিতে হবে। |

## ২.৩.৫ লোন প্রোসেসিং ফি

বিতরনকৃত ঋণের □.২০% তবে নূন্যতম ১০০/- (একশত),সর্বোচ্চ ১০০০/-(এক হাজার) টাকা।

## ২.৩.৬ ঋণের আবেদন ফরম

| ক্রমিক নং | ঋণের সিলিং | আবেদন ফরমের মূল্য |
|---|---|---|
| ১) | ১.০০ লক্ষ টাকা পর্যন্ত | ৭৫/- |
| ২) | ১.০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত | ৩০০/- |
| ৩) | ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে যেকোন পরিমান | ৪০০/- |

## ২.৪। অটোমেশন (Automation) সংক্রান্ত তথ্য

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে বাংলাদেশ ব্যাংক, কম্পিউটার কাউন্সিল ও আইটিতে অগ্রসর এমন বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধি সমন্বয়ে গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটির তত্ত্বাবধানে ইতোমধ্যে অত্র ব্যাংকের শাখাগুলোকে অটোমেশনের আওতায় আনার কাজ চলমান আছে, ইতোমধ্যে □□টি শাখার অটোমেশনের কাজ সম্পন্ন হয়েছে এবং ২০১৯ সালের মধ্যে ব্যাংকের সকল শাখায় অটোমেশনের কাজ সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করা হয়েছে।

## ২.৫। মোবাইল ব্যাংকিং (Mobile Banking)

মোবাইল ব্যাংকিং সেবা চালুকরণের লক্ষ্যে সম্প্রতি প্রগতি সিস্টেম লিঃ এর সাথে অত্র ব্যাংকের একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। Pilot প্রকল্পের আওতায় সিওর ক্যাশ (Sure cash) নামীয় সার্ভিসের মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিত ১২টি শাখায় এ সেবা দেয়া হবে। পর্যায়ক্রমে সকল শাখায় এ সেবা সম্প্রসারন করা হবে।

## ২.৬। ফরেন রেমিট্যান্স (Foreign Remittance)

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং এনসিসি ব্যাংক লিঃ এর মধ্যে সম্পাদিত চুক্তি মোতাবেক রেমিট্যান্স **(Remittance)** এর অর্থ আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের শাখাসমূহের মাধ্যমে গ্রাহকদেরকে দ্রুত প্রদান করা হচ্ছে।

## ৩। সেবা সংক্রান্ত তথ্য

| | |
|---|---|
| ▪ শাখা পর্যায়ে | শাখা ব্যবস্থাপক |
| ▪ আঞ্চলিক পর্যায়ে | আঞ্চলিক ব্যবস্থাপক |
| ▪ প্রধান কার্যালয়ে | উপ-মহাব্যবস্থাপক,<br>শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়,<br>১৪, আউটার সার্কুলার রোড, রাজারবাগ, ঢাকা-১২১৭ |

## ৪। ওয়েব সাইট (Website)

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর নিজস্ব ওয়েবসাইট রয়েছে, যা নিয়মিত হালনাগাদ করা হয়। ওয়েবসাইটের ঠিকানা:
**www.ansarvdpbank.gov.bd**

## ৫। ইউটিউব (YouTube)

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কর্মকান্ডের প্রামাণ্যচিত্র ইউটিউবে **Ansar-vdp Unnayan Bank** সার্চ করে পাওয়া যাবে।

## ৬। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি

➢ **GRS(Grievance Redress System) ফোকাল পয়েন্ট কর্মকর্তার ঠিকানাঃ**

| | |
|---|---|
| কর্মকর্তার নাম | ঃ জনাব মোস্তফা আনোয়ার হোসেন (Mostafa Anwar Hossain) |
| পদবী | ঃ সহকারী মহাব্যবস্থাপক (কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ) |
| অফিসের ঠিকানা | ঃ আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক,প্রধান কার্যালয়,<br>১৪ আউটার সার্কুলার রোড, আমান কোর্ট, রাজারবাগ , ঢাকা- ১২১৭। |
| টেলিফোন | ঃ 02-9349915 |
| মোবাইল | ঃ 01706216459 |
| ফ্যাক্স | ঃ 02-48313165 |
| ই-মেইল | ঃ pd@ansarvdpbank.gov.bd |
| ওয়েবসাইট | ঃ www.ansarvdpbank.gov.bd |

➢ **শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা**

| | |
|---|---|
| কর্মকর্তার নাম | ঃ জনাব মো: মাহবুবুর রহমান (Md. Mahbubur Rahman) |
| পদবী | ঃ মহাব্যবস্থাপক (অপারেশন ও প্রশাসন) |
| অফিসের ঠিকানা | ঃ আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক,প্রধান কার্যালয়,<br>১৪ আউটার সার্কুলার রোড, আমান কোর্ট, রাজারবাগ , ঢাকা- ১২১৭। |
| মোবাইল নাম্বার | ঃ 01716901110 |
| ফ্যাক্স | ঃ 02-48313165 |
| ই- মেইল | ঃ gmoperation@ansarvdpbank.gov.bd |
| ওয়েবসাইট | ঃ www.ansarvdpbank.gov.bd |

➢ তথ্য অধিকার ইউনিটের ফোকাল পয়েন্ট কর্মকর্তা

| | |
|---|---|
| **কর্মকর্তার নাম** | ঃ জনাব আব্দুল্লা-হেল কাফী (Abdulla-Hel Kafi) |
| **পদবী** | ঃ সহকারী মহাব্যবস্থাপক (কেন্দ্রীয় হিসাব উপ-বিভাগ) |
| **অফিসের ঠিকানা** | ঃ আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক,প্রধান কার্যালয়,১৪ আউটার সার্কুলার রোড, আমান কোর্ট, রাজারবাগ, ঢাকা- ১২১৭ |
| **মোবাইল নাম্বার** | ঃ 01720064985 |
| **ফ্যাক্স** | ঃ 02-48313165 |
| **ই-মেইল** | ঃ cad@ansarvdpbank.gov.bd |
| **ওয়েবসাইট** | ঃ www.ansarvdpbank.gov.bd |

## ৭। অভিযোগ নিষ্পত্তি পদ্ধতি

ব্যাংকের সেবা প্রত্যাশী কোন ব্যক্তি হয়রানি এবং অন্যান্য অনিয়ম বা দুর্নীতির শিকার হলে তার প্রতিকার চেয়ে নিম্নোক্ত কর্মকর্তার নিকট যোগাযোগ করতে পারবেন

| যাদের সম্পর্কে অভিযোগ | কার সাথে যোগাযোগ করবেন | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|
| শাখায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী (শাখা ব্যবস্থাপক ব্যতিত) | সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক | ৩ কার্যদিবস |
| শাখা ব্যবস্থাপক | সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক | ৫ কার্যদিবস |
| আঞ্চলিক ব্যবস্থাপক | **জনাব মোস্তফা আনোয়ার হোসেন**<br>GRS ফোকাল পয়েন্ট কর্মকতা,<br>আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়,<br>১৪, আউটার সার্কুলার রোড, রাজারবাগ, ঢাকা-১২১৭। | ৭ কার্যদিবস |
| GRS ফোকাল পয়েন্ট কর্মকতা | ব্যবস্থাপনা পরিচালক<br>আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়,<br>১৪, আউটার সার্কুলার রোড, রাজারবাগ, ঢাকা-১২১৭। | ১৫ কার্যদিবস |
| ব্যবস্থাপনা পরিচালক | পরিচালনা পর্ষদ<br>আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক। | ৩০ কার্যদিবস |

## ৮। তথ্য প্রদানকারী কর্মকর্তার ঠিকানা

| কর্মকর্তার নামঃ | জনাব মোঃ মিজানুর রহমান |
|---|---|
| **পদবী** | সিনিয়র প্রিন্সিপাল অফিসার |
| **অফিসের ঠিকানা** | আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়,<br>১৪ আউটার সার্কুলার রোড, আমান কোর্ট, রাজারবাগ , ঢাকা- ১২১৭ |
| **টেলিফোন** | 02-9344291 |
| **মোবাইল** | 01712213996 |
| **ফ্যাক্স** | 02-48313165 |
| **ই-মেইল** | info@ansarvdpbank.gov.bd |
| **ওয়েবসাইট** | www.ansarvdpbank.gov.bd |

**=সমাপ্ত=**